| দি রোজ ড্রেসেস লিঃ<br>ইসলাম গার্মেন্টস লিঃ<br>ইসলাম ড্রেসেস লিঃ | সংগঠনের স্বাধীনতা সংক্রান্ত নীতিমালা<br>**Freedom of Association Policy** | | |
|---|---|---|---|
| মোট পৃষ্ঠা - ০৩ | কার্যকরের তারিখ<br>৩১.০১.২০১১ | সর্বশেষ নবায়নের তারিখ<br>২.০১.২০২১ | পরবর্তী নবায়নের তারিখ<br>০২.০১.২০২২ |

পরিধিঃ এই নীতিমালা ইসলাম গার্মেন্টস এন্ড গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর সকল কর্মকর্তা,কর্মচারী ও শ্রমিক সহ বোর্ড অব ডিরেক্টর এর অন্যান্য সদস্যের জন্যও একইভাবে প্রযোজ্য। তথ্যের প্রয়োজনীয়তা অনুসারে এই নীতিমালা ইসলাম গার্মেন্টস এন্ড গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর জন্য প্রযোজ্য। এই নীতিমালা প্রযোজ্য হবে সংগঠনের স্বাধীনতা সংক্রান্ত নীতিমালা হিসাবে. এটা ইসলাম গার্মেন্টস এন্ড গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর জন্য খুবই গুরুত্বপূর্ণ।

সংগঠনের স্বাধীনতা সংক্রান্ত নীতিমালার সূচীপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | ভূমিকা | ২ |
| ২ | সমিতি গঠনের স্বাধীনতা ও যৌথ দর কষাকষি নীতিমালা | ২ |
| ৩ | নীতিমালার বিবরনী | ২ |
| ৪ | কর্তৃপক্ষের বাধ্যবাধকতা | ৩ |
| ৫ | শ্রমিকদের বাধ্যবাধকতা | ৩ |
| ৬ | অংশগ্রহণকারী কমিটি | ৩ |
| ৭ | শ্রমিক কল্যান কমিটি | ৩ |


| অবদানকারী | নাম | পদবী | যোগাযোগের মাধ্যম |
|---|---|---|---|
| অনুমোদনকারী | কোম্পানী পরিচালনা পর্ষদ | | |
| ইস্যুকারী | কোম্পানী পরিচালনা পর্ষদ | | |
| কর্তৃপক্ষ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মনোয়ার সালেহিন,<br>এনডিসি,পিএসসি(অব:) | নির্বাহী পরিচালক | monwar.salehin@islam-garments.com |

| যে সব নথীপত্রের সহায়তা নেয়া হয়েছে। |
|---|
| বাংলাদেশ শ্রম আইন ২০০৬ সংশোধনীসহ |
| বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ |
| কারখানার ব্যবসায়িক আচারণ বিধি ও নৈতিকতা |
| সরবরাহকারীর নৈতিকতা বিধি |

**ভূমিকা ঃ**

প্রত্যেকটি মানুষের ব্যক্তি স্বাধীনতা তার মৌলিক অধিকার। অত্র কারখানা কর্তৃপক্ষ কর্মীদের স্বাধীনভাবে মত প্রকাশ, মুক্ত চর্চা ও কল্যাণমূলক ফোরাম/অংশগ্রহনকারী কমিটি গঠন ইত্যাদি বিষয়ে অংশগ্রহণের ব্যপারে কর্মীদের যথাযথ সহায়তা প্রদান করে থাকে। কর্মীগণ তাদের নিজস্ব চাহিদা, মতামত ও অনুরোধ ইত্যাদি বিষয় নিয়ে বিভিন্ন সময়ে কারখানার কর্তৃপক্ষের কাছে আলোচনার জন্য আসতে পারে।

বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ১৭৬ ধারা মোতাবেক কর্মী এবং মালিকের সম্পর্ক, অথবা কর্মী ও কর্মীদের সম্পর্ক নিয়ন্ত্রন করার লক্ষ্যে কোন পার্থক্য ছাড়াই সকল কর্মীদের সমিতি গঠন করার এবং সংশ্লিষ্ট ইউনিয়নের গঠনতন্ত্র সাপেক্ষে তাদের নিজস্ব ইউনিয়নে যোগদানের অধিকার রয়েছে। এ অধ্যাদেশে বর্ণিত বিধান সাপেক্ষে ঃ

- ভেদাভেদ নির্বিশেষে কোনরূপ পূর্ব অনুমতি ছাড়াই কেবল সংশ্লিষ্ট সংগঠনের বিধিমালা সাপেক্ষে কর্মীদের নিজেদের পছন্দমত সমিতি গঠন এবং সমিতিতে যোগদানের অধিকার রয়েছে।
- ভেদাভেদ নির্বিশেষে কোনরুপ পূর্ব অনুমতি ছাড়াই কেবল সংশ্লিষ্ট সংগঠনের বিধিমালা সাপেক্ষে নিজেদের পছন্দমত সমিতি গঠনের এবং সমিতিতে যোগদানের অধিকার সকল শ্রেণীর মালিকদের আছে।
- ট্রেড ইউনিয়ন সমূহের এবং মালিকদের সমিতি সমূহের নিজস্ব সংবিধান ও বিধিমালা প্রণয়নের, সম্পূর্ণ স্বাধীনভাবে নিজস্ব প্রতিনিধিদের নির্বাচনের, সমিতি প্রশাসন ও কর্মতৎপরতা, সংগঠনের এবং কর্মসূচী প্রণয়নের অধিকার থাকে।
- কর্মীদের ও মালিকদের সমিতি সমূহের ফেডারেশন বা কনফেডারেশন এবং অনুরূপ যে কোন সংগঠনের তাতে যোগদানের অধিকার থাকবে এবং অনুরূপ ফেডারেশনও কনফেডারেশন সমূহের মালিক বা কর্মীদের আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও কনফেডারেশন সমূহের মালিক বা কর্মীদের আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও কনফেডারেশনের সাথে সমিতিভূক্ত হওয়ার অধিকার থাকবে।

"সমিতি গঠনের অধিকার" এর মধ্যে আইনসংগত উদ্দেশ্যে শ্রমিকগণ কর্তৃক ট্রেড ইউনিয়ন গঠন করাও অন্তর্ভূক্ত। আইনে উল্লেখিত বিধান সমূহের অধীনে অধিকার প্রয়োগের বেলায় দেশের আইনের প্রতি আনুগত্য প্রদর্শন করতে হবে। যে প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠান সমূহে (যেখানে অনধিক ২০ জন শ্রমিক নিযুক্ত আছে এমন প্রতিষ্ঠান) ট্রেড ইউনিয়ন গঠন করবে সেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মোট শ্রমিকের শতকরা ২০ ভাগ সদস্য অন্তর্ভূক্ত না হলে শ্রমিকের কোন ট্রেড ইউনিয়ন এ অধ্যাদেশ মোতাবেক রেজিষ্ট্রেশন পাওয়ার অধিকারী হবে না। কেবল মাত্র এই শর্ত পূরণ সাপেক্ষে যে কোন ট্রেড ইউনিয়ন এর সভাপতি ও সম্পাদকের স্বাক্ষর সম্বলিত দরখাস্ত পেশ করে এ অধ্যাদেশ অনুসারে ট্রেড ইউনিয়ন রেজিষ্ট্রি করার জন্য আবেদন করতে পারবে। ট্রেড ইউনিয়নের কাজ হবে তার সদস্যদের স্বার্থ উন্নয়ন করা এবং এ লক্ষ্য অর্জনে মালিকের সঙ্গে আলাপ আলোচনার মাধ্যমে সঠিক সিদ্ধান্তে উপনিত হওয়া।

সমিতি গঠনের স্বাধীনতা ও যৌথ দর কষাকষি নীতিমালা ঃ

শিল্প সম্পর্ক অধ্যাদেশ, ১৯৬৯ অনুসারে, অত্র কারখানায় নিম্নলিখিত ভাবে সমিতি গঠনের স্বাধীনতা ও দরকষাকষি নীতি মেনে চলে।

নীতিমালা বিবরনী ঃ

অত্র কারখানায় কর্মীগণ স্বাধীনভাবে তাদের মত প্রকাশ ও ট্রেড ইউনিয়ন গঠনের অধিকার রাখে। তবে কর্মীর অধিকার সংক্রান্ত যে কোন উদ্যোগ অত্র প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ সমর্থন ও সহযোগিতা করে। যেমন ,

১. অত্র কারখানার শ্রমিকগণের ট্রেড ইউনিয়ন গঠন করা এবং ট্রেড ইউনিয়নে যোগদানের অধিকার রয়েছে।
২. অন্যান্য শ্রমিক প্রতিনিধি গোষ্ঠি গঠনের অধিকার রয়েছে (এই ধরনের দল গঠনে বাধা না দেয়া)।
৩. কোন প্রকার পূর্ব অনুমতি ছাড়াই সকল শ্রেণীর শ্রমিক নিজেদের পছন্দমত সমিতি গঠন এবং সমিতিতে যোগদানের অধিকার।
৪. সম্মেলিতভাবে দরকষাকষি করার অধিকার।
৫. ট্রেড ইউনিয়নের সদস্যপদ এবং ট্রেড ইউনিয়নের কার্যকলাপ পরিচালনার ক্ষেত্রে কোন শ্রমিককে কোনরকম বৈষম্য না করা এবং কোন প্রতিশোধমূলক ব্যবস্থা গ্রহণ করা হয় না।
৬. প্রতিনিধি গঠনের জন্য নির্বাচনে অংশগ্রহণের অধিকার ।
৭. যোগাযোগ ও পরামর্শ প্রদানের অধিকার ।
৮. ধর্মঘট বা শিল্পক্রিয়ায় অংশগ্রহণের অধিকার।

এছাড়াও কর্মীদের অধিকার সংক্রান্ত বিষয় নিয়ে কর্মী চাইলে নির্ভয়ে নিম্নলিখিত সংগঠনের সহযোগিতা নিতে পারবে যেমন:
বেসরকারি সংস্থা (এনজিও) বা মহিলা সংগঠনের, স্বাস্থ্য ক্লিনিক, স্থানীয় গণ্যমান্য সদস্যগণের সহযোগীতা, স্থানীয় ব্রান্ড প্রতিনিধিগণের, ইউনিয়ন প্রতিনিধিগণের ও কর্মচারী প্রতিনিধিগণের প্রভৃতি সংগঠনসমূহের সহযোগিতা নিতে পারবে।

| দি রোজ ড্রেসেস লিঃ<br>ইসলাম গার্মেন্টস লিঃ<br>ইসলাম ড্রেসেস লিঃ | সংগঠনের স্বাধীনতা সংক্রান্ত নীতিমালা<br>**Freedom of Association Policy** | | |
|---|---|---|---|
| মোট পৃষ্ঠা - ০৩ | কার্যকরের তারিখ<br>৩১.০১.২০১১ | সর্বশেষ নবায়নের তারিখ<br>২.০১.২০২১ | পরবর্তী নবায়নের তারিখ<br>০২.০১.২০২২ |

তাছাড়া সমিতি সমূহ নিজস্ব সংবিধান এবং বিধিমালা প্রণয়ন, স্বাধীনভাবে প্রতিনিধি নির্বাচন, কর্মতৎপরতা পরিচালনা ও কর্মসূচী প্রনয়ণ করতে পারবে। তবে অরেজিষ্ট্রিকৃত অথবা রেজিষ্ট্রেশন বাতিল হয়েছে এমন কোন ট্রেড ইউনিয়নের সদস্যরা কাজ চালাতে পারবে না। কোন শ্রমিক একই সময়ে একাধিক ট্রেড ইউনিয়নের সদস্য পদ গ্রহণ বা সদস্যপদ অব্যহত রাখতে পারবে না।

কর্তৃপক্ষের বাধ্যবাধকতা ঃ

- কর্তৃপক্ষ কোন ব্যক্তির উপর ট্রেড ইউনিয়নে যোগদানের বা ট্রেড ইউনিয়নের সদস্যপদ বহাল রাখার অধিকার হরন করে কোন শর্ত আরোপ করার তৎপরতা চালায় না ।
- কোন ব্যক্তি কোন ট্রেড ইউনিয়নের সদস্য আছেন কিনা তার ভিত্তিতে চাকুরীতে নিযুক্তি, পদোন্নতি, চাকুরীর শর্ত বা কাজের শর্ত নির্ধারনে বৈষম্য করে না ।
- কোন ট্রেড ইউনিয়নের সদস্য বা কর্মকর্তা হয়েছেন বা হবার ইচ্ছা পোষন করেছেন অথবা সদস্য বা কর্মকর্তা হবার জন্য কোন ব্যক্তিকে সম্মত করার চেষ্টা করেছেন বা কোন ট্রেড ইউনিয়ন গঠনের, উন্নয়ণের বা কর্মতৎপরতা চালানোর জন্য কোন শ্রমিককে চাকুরী থেকে বরখাস্ড়, পদচ্যুত বা অপসারনের হুমকি কিংবা চকুরী ক্ষতিগ্রস্ড় করার হুমকি প্রদান করে না ।
- কোন ব্যক্তিকে ট্রেড ইউনিয়নের সদস্য বা কর্মকর্তা না হবার জন্য অথবা সদস্য বা কর্মকর্তা হয়ে থাকলে তা বর্জনের জন্য প্রলোব্ধ করার প্রক্রিয়া চালায় না ।
- ভীতি প্রদর্শণ, দমন নীতি, চাপ প্রয়োগ অথবা আহত করে কোন শ্রমিককে কোন চুক্তিতে স্বাক্ষর করতে বাধ্য করা হয় না ।
- নির্বাচন চলাকালীন সময়ে কর্তৃপক্ষ কোনরূপ হস্ড়ক্ষেপ বা প্রভাব বিস্ড়ার করার ইচ্ছা পোষণ করে না ।
- বৈধ ধর্মঘট চলাকালীণ সময়ে কর্তৃপক্ষ নতুন কোন শ্রমিক নিয়োগ করতে পারবে না ।

কর্মীদের বাধ্যবাধকতাঃ

- কাজ চলাকালীণ সময়ে কোন শ্রমিককে ট্রেড ইউনিয়নে যোগদানের জন্য বা যোগদান থেকে বিরত থাকার জন্য সম্মত করার চেষ্টা করা যাবে না ।
- ট্রেড ইউনিয়নের সদস্য বা কর্মকর্তা হবার জন্য বা বিরত থাকার জন্য অথবা সদস্য বা কর্মকর্তা পদে বহাল থাকা বা না থাকার জন্য কোন ব্যক্তিকে ভীতি প্রদর্শন করা যাবে না ।
- ভীতি প্রদর্শন, দমন নীতি, চাপ প্রয়োগ, আটক রেখে অথবা আহত করে কোন শ্রমিককে ট্রেড ইউনিয়নের চাঁদা দিতে বা বিরত থাকতে ও মালিককে কোন চুক্তিতে স্বাক্ষর করতে বাধ্য করা যাবে না ।
- কোন শ্রমিক ধর্মঘট চলাকালীন সময়ে কোন ট্রেড ইউনিয়ন কোনরূপ হস্ড়ক্ষেপ বা প্রভাব বিস্তার করতে পারবে না ।

অংশগ্রহণকারী কমিটি ঃ

মালিকের ও শ্রমিকের সমান সংখ্যক প্রতিনিধির সমন্বয়ে একটি অংশ গ্রহণ কমিটি থাকবে। প্রতি দুই মাসে কমপক্ষে একবার কমিটি বৈঠকে মিলিত হবে ও রেকর্ড সংরক্ষণ করবে। এ কমিটির কাজ হবে শ্রমিকদের উন্নয়ণ এবং তাদের দায়িত্ববোধ জাগ্রত করা । বিশেষ করে,

- মালিক ও শ্রমিকের মধ্যে পারস্পরিক বিশ্বাস, সমঝোতা এবং সহযোগিতা বৃদ্ধির প্রায়াস বা প্রচেষ্টা ।
- শ্রম আইনের প্রয়োগ নিশ্চিত করা এবং শ্রম আইনের প্রতি উভয় পক্ষকে শ্রদ্ধাশীল রাখা ।
- নিয়ম-শৃঙ্খল বোধ জগ্রত করা এবং নিয়ম-শৃঙ্খলা মেনে চলার প্রতি আগ্রহশীল রাখা ।
- নিরাপত্তা, পেশাগত স্বাস্থ্যরক্ষা ও কাজের অবস্থার উন্নতি সাধন করা ।
- বৃত্তিমূলক প্রশিক্ষণ, শ্রমিকদের শিক্ষা ও পরিবার কল্যাণ প্রশিক্ষণের উৎসাহ দেওয়া ।
- শ্রমিকদের ও পরিবার বর্গের জন্য কল্যাণমূলক ব্যবস্থার উন্নতির জন্য ব্যবস্থা গ্রহণ ।
- উৎপাদনের লক্ষ্যমাত্রা পূরণ, উৎপাদনের ব্যয় এবং জঞ্জালহ্রাস ও পণ্যেও গুণগতমান উন্নয়ণ করা ।

শ্রমিক কল্যান কমিটিঃ

অংশ গ্রহণ কমিটির অবর্তমানে সরকার/আইএলও/বিজিএমইএ এর অনুমোদন সাপেক্ষে গ্রুপের কোন প্রতিষ্ঠান ওয়ার্কার্স ওয়েলফেয়ার কমিটি গঠন করে উপরোক্ত কার্য পরিচালনা করতে পারে ।

ISLAM GARMENTS LIMITED Date:

ISLAM DRESSES LIMITED Date:

THE ROSE DRESSES LIMITED Date

M M SALEHIN
Executive Director
Islam Dresses Ltd.
..gora, Ashulia, Savar, Dhaka